ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



৫৯-এ শাহরুখ খান, সেজে উঠলো মান্নাত
পৃঃ ৫



আবার অধিনায়কত্বে ফিরছেন কোহলি?
পৃঃ ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৯৭ ● কলকাতা ● ১৯ কার্ত্তিক, ১৪৩১ ● মঙ্গলবার ● ০৫ নভেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## ১৪ বিধানসভা আসনের উপনির্বাচনের

# দিন বদলাল কমিশন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ১৪ টি বিধানসভা আসনের উপনির্বাচনের সময়সূচী বদল করল নির্বাচন কমিশন। বেশ কয়েকটি রাজনৈতিক দলের অনুরোধে কেরল, পঞ্জাব এবং উত্তর প্রদেশের ১৪ টি বিধানসভা আসনে উপনির্বাচনের তারিখ পরিবর্তন করে দিল কমিশন। এই সকল আসনে ১৩ নভেম্বর ভোটগ্রহণ হওয়ার কথা ছিল। তবে সেই তারিখ বদলে করা হল ২০ নভেম্বর ।বলা বাহুল্য, উত্তরপ্রদেশের নয়টি, পাঞ্জাবের চারটি এবং কেরালায় একটি বিধানসভা আসনে এই উপনির্বাচনের তারিখের বদল হয়েছে । উত্তরপ্রদেশের যে বিধানসভা আসনগুলিতে উপনির্বাচন হওয়ার কথা সেগুলির মধ্যে রয়েছে মীরাপুর, কুন্দরকি, গাজিয়াবাদ, খায়ের, কারহাল, সিশামাউ, ফুলপুর, কাতেহারি, মাঝওয়ান। অন্যদিকে কেরলের পালাক্কাড় ও পঞ্জাবের ডেরা বাবা নানক, ছাব্বেওয়াল, গিদ্দারবাহা এবং বারনালা আসনে উপনির্বাচনে অনুষ্ঠিত হবে ।আর ভোট গণনা হবে ২৩ নভেম্বর।

কমিশন সূত্রের খবর, কালপতি রাস্তোলসভাম (১৩-১৫ নভেম্বর), কার্তিক পূর্ণিমা (১৫ নভেম্বর) এবং শ্রী গুরু নানক দেবের প্রকাশ পর্বের (১৫ নভেম্বর) মতো উৎসবের জন্য বেশ কয়েকটি রাজনৈতিক দল ভোটের তারিখ পরিবর্তনের আবেদন করেছিল। তাদের

এরপর ৩ পাতায়

## পুওর পারফরম্যান্স'-এর তালিকায় ১০ জেলা!

# নবান্ন থেকে কড়া নির্দেশ মুখ্যমন্ত্রীর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাজ্য জুড়ে সাধারণ মানুষের জন্য চালু রয়েছে একাধিক উন্নয়নমূলক প্রকল্প। বাংলার মানুষের জন্য হামেশাই নিত্য-নতুন প্রকল্প নিয়ে আসে রাজ্য সরকার । জনস্বার্থে তৈরী এই সমস্ত জনমোহিনী প্রকল্পের মাধ্যমে উপকৃত হয়ে থাকেন বাংলার নারী পুরুষ নির্বিশেষে সকলেই। ছেলেমেয়েদের স্কুলের পড়াশোনা থেকে শুরু করে তাদের হাত খরচ কিংবা বিনামূল্যের স্বাস্থ্য পরিষেবা সহ একাধিক প্রকল্প চালু রয়েছে রাজ্য সরকারের ।তবে রাজ্যের এক আধিকারিক জানিয়েছেন, নির্দিষ্ট সময়ের মধ্যে স্বনির্ভর গোষ্ঠী তৈরির কাজ এগোলে ক্রেডিট লিঙ্কেজের কাজ আরও ভালো হতে পারত। যদিও তিনি নিশ্চিত বছরের শেষে টার্গেট পূরণ হবেই। গোষ্ঠীগুলির হাতে অর্থ পৌঁছতে যাতে দেরি না হয়, তার জন্য নাকি ইতিমধ্যেই 'পুওর পারফরম্যান্স'-এর তালিকায় থাকা ১০ জেলার আধিকারিকদের সাথে বৈঠক-ও করা হয়েছে ।বাড়ির গৃহবধূদের জন্যও চালু রয়েছে রাজ্য সরকারের অন্যতম জনপ্রিয় প্রকল্প লক্ষ্মী ভান্ডার। যা রীতিমতো সুপারহিট। পাশাপাশি রাজ্যের মহিলাদের স্বনির্ভর করতেই স্বনির্ভর গোষ্ঠীর কাজের মাধ্যমে মহিলাদের কর্মসংস্থানের বিরাট সুযোগ করে দিয়েছে রাজ্য সরকার। তবে এবার এই স্বনির্ভর গোষ্ঠীর কাজের লক্ষ্যমাত্রা দেখে বেজায় ক্ষুব্ধ নবান্নের শীর্ষমহল।

প্রসঙ্গত দেখতে দেখতে চলতি অর্থবর্ষের প্রায় সাত মাস অতিক্রান্ত। এই সময়ের মধ্যে নতুন স্বনির্ভর গোষ্ঠী তৈরির কাজ যতটা এগনোর লক্ষ্যমাত্রা ছিল তা এবার বড় ধাক্কা খেয়েছে। সূত্রের খবর স্বনির্ভর গোষ্ঠীর কাজের লক্ষ্যমাত্রা

এরপর ৩ পাতায়

## একশো আট শিব মন্দির

### দর্শন করে মুগ্ধ নিউজ সারাদিনের সম্পাদক



**স্বপন দত্ত বাউল স্টাফ রিপোর্টার নিউজ সারাদিন :** বর্ধমানের রাজার তৈরী ও প্রতিষ্ঠিত নবাবহাটে একশো আট শিব মন্দিরের দেশে বিদেশে প্রসিদ্ধ। এই একশো আট শিব মন্দির বর্ধমানের রাজা কালনাতেও তৈরী করেছিলেন হুবাহু একিই রকমের যা দেখলে আশ্চর্য্য হতেই হবে। নিউজ সারাদিনের সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার বর্ধমানে এসে বর্ধমানের রাজার কৃত্তি একশো আট শিব মন্দির দেখতে এলেন এবং শিব মন্দিরের কাহিনী বিষয়ে কিছু তথ্য জানলেন মানুষের মুখ থেকে। রাজার তৈরী এই অপূর্ব স্থাপত্য দেখে নিউজ সারাদিনের সম্পাদক বলেন আমি অভিভূত বর্ধমানে এমন সুন্দর স্থাপত্য দেখে এছাড়াও মনোরম চোখ ধাঁধানো সুন্দর শান্ত পরিবেশ সাজানো

এরপর ৩ পাতায়

মৃত্যুঞ্জয় সরদারের আটটি বইয়ের মধ্যে
কলকাতার কলেজ স্ট্রিটে
চারটি বই পাওয়া যাচ্ছে।
অন্যান্য বইগুলো সব বিক্রি হয়েছে।

কলেজ স্ট্রিটে
পাওয়া যাচ্ছে বইগুলোর নাম

ঈশ্বরী কথা আর
মাতৃ শক্তি
কলেজ স্ট্রিট
কেশব চন্দ্র স্ট্রিটে,
অশোক পাবলিশিং হাউসে

সুন্দরবন ও
সুন্দরবনবাসি
বর্ণপরিচয় বিল্ডিংয়ে
উজ্জ্বল সাহিত্য মন্দিরে

কলেজ স্ট্রিট সারাদিন পাবলিকেশনের পাওয়া যাচ্ছে
আর্তনাদ নামের বইটি।
এই বইটি অনলাইনে বুক করলে পোস্ট অফিসে বাড়ি পৌঁছে যাবে।

যোগাযোগ নম্বর ৯৫৬৪৩৮২০৩১

আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান (বাংলা মাধ্যম)
সরবেড়িয়া আন্-নূর মিশন
(বালক ও বালিকা পৃথক ক্যাম্পাস)
(পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি) বিজ্ঞান ও কলা বিভাগ
E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Contact : 9732531171
২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত তথ্য (পঞ্চম থেকে নবম শ্রেণি)
পরীক্ষা কেন্দ্র সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস.হাট, ন্যাজাট, উঃ ২৪ পরগনা
ফর্ম বিতরণ চলছে (অফলাইনে)
ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ : ৩রা নভেম্বর ২০২৪
ভর্তি পরীক্ষার তারিখ : ১০ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ১২টা
ফলাফল প্রকাশিত হবে : ১৭ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ২টা
ফলাফল জানা যাবে www.annoormission.org
এই website notice board-এ
সফল ছাত্র-ছাত্রীদের অভিভাবক/অভিভাবকা সাক্ষাৎকার ও
ভর্তি প্রক্রিয়া শুরু হবে ২২শে নভেম্বর থেকে ৩০শে নভেম্বর ২০২৪
ফর্মের মূল্য : ৫০.০০ টাকা

Girl's Hostel



Boy's Hostel



আবাসিক শিক্ষক চাই
বায়োলজি
এমএসসি অনার্স
ও একজন
কম্পিউটার
টিচার লাগবে
সত্বর Resume mail করুন

ফর্ম পাওয়ার জন্য বিস্তারিত জানতে যোগাযোগ করুন ফর্ম বিতরণ কেন্দ্রগুলিতে

❖ সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস. হাট, ন্যাজাট, উঃ ২৪ পঃ
মোঃ - ৯৫৬৪০১১৯০৬ / ৯৭৩৪৫৪৯৫০৫

❖ নিউ বিশ্বাস জেরক্স
মুরারীসাহা চৌমাথা, ভেবিয়া, উঃ ২৪ পঃ
মোঃ - ৯৬০৯০৮২৪১৬

❖ আদর্শ শিশু নিকেতন
ভাঙনখালি, (কলতলা মোড়) বাসন্তী, দঃ ২৪ পঃ মোঃ - ৮১৪৫২৫০০৮০

❖ সাগরিকা লাইব্রেরী
বিজয়গঞ্জ বাজার, ভাঙ্গর, দঃ ২৪ পঃ মোঃ - ৯৭৩৫২৮০৪০৭

❖ আরফান আলি বিশ্বাস
দেবগ্রাম, কাটোয়া মোড়, নদীয়া মোঃ - ৯১৫৩৯৩২৯০৬

# পশ্চিমবঙ্গ প্রশাসনের প্রশ্রয়ে ভারতে অনুপ্রবেশ বন্ধ হয়নি : অমিত শাহ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কয়েকদিন আগে পশ্চিমবঙ্গে গিয়ে অনুপ্রবেশ নিয়ে সরব হয়েছিলেন অমিত শাহ। এবার ঝাড়খণ্ডে নির্বাচনী প্রচারণায় গিয়েও পশ্চিমবঙ্গ প্রশাসনকে কাঠগড়ায় দাঁড় করালেন তিনি। অনুপ্রবেশের জন্য পশ্চিমবঙ্গের শাসকদল ও স্থানীয় প্রশাসনের ওপর দোষ চাপালেন ভারতের কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী।

রবিবার ঝাড়খণ্ডে নির্বাচনী প্রচারণায় গিয়ে এ অভিযোগ তোলেন তিনি।

শাহ বলেন, পশ্চিমবঙ্গে অনুপ্রবেশ বন্ধ হয়নি। কারণ সেখানে স্থানীয় প্রশাসনই অনুপ্রবেশে মদদ দেয়। ঝাড়খণ্ডেও একই কারণে অনুপ্রবেশ বন্ধ হয়নি। স্থানীয় প্রশাসন এখানেও অনুপ্রবেশকারীদের প্রশ্রয় দিচ্ছে।

ঝাড়খণ্ডে বিজেপি সরকার গঠন করার আবেদন জানিয়ে তিনি বলেন, এখানে বিজেপি সরকার গঠন হলে দলের নেতাকর্মী থেকে মুখ্যমন্ত্রী, সবাই অনুপ্রবেশ আটকাবেন। অনুপ্রবেশকারীদের তাড়ানো হবে দেশ থেকে।

ঝাড়খণ্ডের হেমন্ত সোরেন সরকারের সমালোচনা করে তিনি আরও বলেন, সাঁওতাল পরগনায় আদিবাসী মানুষের সংখ্যা ক্রমেই কমছে। অনুপ্রবেশকারীরা আসছে দলে দলে। আমাদের মেয়েদের বিয়ের প্রলোভন দেখাচ্ছে। তাদের জমি দখল করছে। এটা যদি বন্ধ করা না যায়, তবে ঝাড়খণ্ডের পরিচিতি, তাদের সংস্কৃতি, কাজের সুযোগ, জমির অধিকার, মেয়েদের সুরক্ষা কোনোটাই রক্ষা করা যাবে না। সেই কারণেই বিজেপি স্লোগান তুলছে, রোটি, বেটি আর মাটি। ঝাড়খণ্ডে নারী নির্যাতনকারী অনুপ্রবেশকারীদের উল্টো ঝুলিয়ে দেওয়া হবে।

ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রীর সমালোচনা করে শাহ বলেন, হেমন্ত সোরেনের সরকারের আমলে ঝাড়খণ্ডের আদিবাসীরা নিরাপদ নয়। আপনি অনুপ্রবেশকারীদের আশ্রয় দিয়েছেন। অনুপ্রবেশকারীদের মধ্যে আপনি আপনার ভোটব্যাংক দেখতে পান। অনুপ্রবেশকারীদের কারণে এই রাজ্যে আদিবাসীদের সংখ্যা কমছে, জনসংখ্যা পরিবর্তন হচ্ছে। হেমন্ত সোরেনের সরকার তার নিজেদের পরিকল্পনায় ব্যস্ত। কিন্তু আজ আমি ঝাড়খণ্ডের জনগণকে জানাতে চাই যে, তোষণের রাজনীতির অবসান ঘটিয়ে বিজেপি অনুপ্রবেশকারীদের তাড়িয়ে দেবে এবং ঝাড়খণ্ডের পুনর্গঠন করবে।

দেশটির কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী জানান, ক্ষমতায় এলে ঝাড়খণ্ডে অভিন্ন দেওয়ানি বিধি চালু করবে বিজেপি। উল্লেখ্য, আসন্ন ঝাড়খণ্ড বিধানসভায় অভিন্ন দেওয়ানি বিধি এবং অনুপ্রবেশ ইস্যু দু'টিকে হাতিয়ার করে এগোতে চাইছে বিজেপি। যদিও ইউনিফর্ম সিভিল কোডের থেকে আদিবাসীদের বাইরে রাখা হবে বলে প্রতিশ্রুতি দিয়েছেন শাহ। প্রসঙ্গত, গত লোকসভা নির্বাচনে ঝাড়খণ্ডের ১৪টি আসনের আটটিতে জিতেছিল বিজেপি। তবে তারা আদিবাসী অধ্যুষিত পাঁচটি আসনের একটিতেও জয় পায়নি। তাই বিধানসভা ভোটের আগে বিজেপির চোখ আদিবাসী ভোট।

## ছট পূজা উপলক্ষে দুস্থ মানুষদের মধ্যে বস্ত্র বিতরণ



**বলাইচাঁদ মুখোপাধ্যায়, সিঙ্গুর, হুগলি : নিউজ সারাদিন :** আসন্ন ছট পূজা উপলক্ষে রাজ্যের মন্ত্রী তথা সিঙ্গুরের বিধায়ক বেচারাম মান্না এবং হরিপালের বিধায়িকা ডাক্তার করবি মান্নার উদ্যোগে এবং সিঙ্গুর ও হরিপাল ব্লক তৃণমূল কংগ্রেসের ব্যবস্থাপনায় সিঙ্গুর পঞ্চায়েত সমিতির হলে এবং হরিপালের লোকমঞ্চে হিন্দি ভাষাভাষী মানুষদের মধ্যে আজ বস্ত্র বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হলো। সিঙ্গুরেরএই মহতী কর্মসূচিতে উপস্থিত ছিলেন রাজ্যের কৃষি বিপণন ও পঞ্চায়েত দপ্তরের প্রতিমন্ত্রী বেচারাম মান্না হরিপালের বিধায়িকা ডাক্তার করবি মান্না সিঙ্গুর ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি আনন্দময় ঘোষ, সিঙ্গুর পঞ্চায়েত সমিতির সভাপতি টুম্পা ঘোষ এবং হরিপালের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হরিপাল ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি দেবাশীষ পাঠক মন্ত্রী বেচারাম মান্না হরিপালের বিধায়িকা ডাক্তার করবি মান্না হরিপাল পঞ্চায়েত সমিতির সভাপতি, সুচন্দ্রা ধোলে অধিকারী , শ্রীরামপুর পৌরসভার চেয়ারম্যান গিরিধারী সাহা রিষড়া পৌরসভার চেয়ারম্যান বিজয় সাগর মিশ্রা সহ নেতৃত্ববৃন্দ। বস্ত্র বিতরণ অনুষ্ঠানে মন্ত্রী বেচারাম মান্না বলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির অনুপ্রেরণায় মানুষের পাশে থাকার আহ্বানে উদ্বুদ্ধ হয়ে আমরা প্রতিবছর বিভিন্ন সম্প্রদায়ের মূল উৎসবে দুঃস্থ মানুষদের মধ্যে বস্ত্র বিতরণ করে থাকি। এ বছরও আমরা দুর্গোৎসবে হরিপাল এবং সিঙ্গুরে বারো হাজার বস্ত্র বিতরণ করেছি। এছাড়াও এই ছট পুজোতে আমরা দুটি ব্লকের হিন্দি ভাষাভাষী মানুষের মধ্যে দুই হাজার বস্ত্র বিতরণ করছি। পাশাপাশি আদিবাসী ভাই বোনেদের পৌষ সংক্রান্তিতে এবং করম উৎসবেও আমরা প্রতিবছর বস্ত্র দিয়ে থাকি। সংখ্যালঘু মানুষদের উৎসবে তাদের পাশে থাকার জন্যও আমরা প্রতিবছর ঈদ উৎসবে বস্ত্র দিই। এর একটাই উদ্দেশ্য দুস্থ মানুষরা যাতে তাদের উৎসবে আনন্দের সাথে অংশগ্রহণ করতে পারে তার জন্য আমরা সামান্যতম সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার চেষ্টা করি। আজকের অনুষ্ঠানে বস্ত্র পেয়ে মানুষ অত্যন্ত আনন্দিত। তারা এই উদ্যোগে সাধুবাদ জানান।

### নির্যাতিতার বাবা - মায়ের আমন্ত্রণে

## সোদপুরের বাড়িতে শুভেন্দু, হল একান্ত বৈঠক



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মেডিক্যালের নির্যাতিতার 'বোন'এর বাড়িতে গিয়ে তাঁর বাবা - মায়ের সঙ্গে দেখা করলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। রবিবার সন্ধ্যায় নির্যাতিতার বাবা - মায়ের সঙ্গে একান্ত বৈঠক করেন তিনি। বৈঠক শেষে তিনি জানান, ওনাদের পরিবারের যে লড়াই সেই লড়াইয়ে বিরোধী দলনেতা হিসাবে একজন দায়িত্বশীল জনপ্রতিনিধি বা রাজনৈতিক কর্মী হিসাবে ওনারা চান যেন আমি ওনাদের পাশে থাকি।তবে অমিত শাহের সঙ্গে নির্যাতিতার বাবা মায়ের সাক্ষাতের ব্যাপারটি ধোঁয়াশাই রয়ে গিয়েছে। শুভেন্দুবাবু বলেন, 'স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে সাক্ষাতের ব্যাপারে আমি আমার বার্তা ওনাদের দিয়েছি। আমার নেতা অমিত শাহ জি যা বলেছেন সেটা আমি ওনাদের বলেছি। ওনাদের পরিবারের যে লড়াই সেই লড়াইয়ে বিরোধী দলনেতা হিসাবে একজন দায়িত্বশীল জনপ্রতিনিধি বা রাজনৈতিক কর্মী হিসাবে ওনারা চান যেন আমি ওনাদের পাশে থাকি।'শুভেন্দুবাবু বলেন, 'আইনজীবী কৌস্তভ বাগচীর ফোন থেকে ওনার বাবা ফোন করেছিলেন। মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারের দ্বারা পুলিশ ও স্বাস্থ্য দফতরের আধিকারিকদের সহযোগিতায় মমতা বন্দ্যোপাধ্যায়ের পুলিশ

এরপর ২ পাতায়

### 'আমরা বলিনি সিভিক ভলান্টিয়ার একাই যুক্ত',

## আরজি কর মামলায় বলল সিবিআই



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মঙ্গলবার সুপ্রিম কোর্টে আরজি কর মামলার শুনানি রয়েছে। তার আগে আজ, সোমবার আরজি করের ধর্ষণ-খুন মামলার চার্জ গঠন হল শিয়ালদহ আদালতে। এদিন আদালতে সিবিআই দাবি করেছে, চার্জ গঠন হলেও তদন্ত এখনও চলছে। সিভিক ভলান্টিয়ারের নাম চার্জশিটে থাকলেও, তদন্ত এখনও শেষ হয়নি, তা স্পষ্ট করে দেওয়া হয়েছে।এদিন, অভিজিৎ মণ্ডলের আইনজীবী আদালতে বলেন, "একজন থানার ওসিকে এই ধরনের ঘটনার পর ফোন করবেন অধ্যক্ষ এটাই বাস্তব। তাহলে কীভাবে ষড়যন্ত্রের সঙ্গে যুক্ত তিনি?" আপাতত ওই দুই অভিযুক্তের বিরুদ্ধে তদন্ত চলবে। অন্যদিকে, এদিন আদালত থেকে বেরিয়ে অভিযুক্ত সিভিক ভলান্টিয়ার বলেন, "আমাকে ফাঁসানো হচ্ছে আমাকে ডিপার্টমেন্ট চুপ থাকতে বলেছে।"ষড়যন্ত্র ছিল কি না তারও তদন্ত করা হচ্ছে। একই সঙ্গে আরজি করের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ ও টালা থানার ওসি অভিজিৎ মণ্ডলের ভূমিকা কী ছিল, তা নিয়ে তদন্ত চলছে।

সিবিআই-এর আইনজীবী এদিন বলেন, "আমরা কিছু প্রমাণ পেয়েছি, যার মাধ্যমে বোঝা যাচ্ছে এই দু'জন (সন্দীপ ঘোষ ও অভিজিৎ মণ্ডল) একে অপরের সঙ্গে যোগাযোগে ছিলেন ঘটনার পর। কেন ঘটনা ধামাচাপা দেওয়ার চেষ্টা করা হচ্ছিল, সেটার তদন্ত চলছে বলে জানিয়েছে কেন্দ্রীয় সংস্থা।"

তবে কি আরজি কর মামলার তদন্ত শেষ হওয়ার পথে? এই প্রশ্নের উত্তরে সিবিআই এদিন বলে, চার্জশিটে আমরা বলিনি ওই সিভিক ভলান্টিয়ার একাই যুক্ত। ওঁর বায়োলজিক্যাল এভিডেন্স পাওয়া গিয়েছে, তাই ভারতীয় ন্যায় সুরক্ষা সংহিতা মেনে ৬০ দিনের মধ্যে চার্জশিট জমা দেওয়া হয়েছে। ষড়যন্ত্র ছিল কি না, তার তদন্ত করা হচ্ছে। এখনই সন্দীপ ঘোষ ও অভিজিৎ মণ্ডলকে ক্লিনচিট দিচ্ছে না সিবিআই।

### বিধানসভার টিকিট-চাকরির টোপ দিয়ে

## বিজেপি নেতার থেকে টাকা নেওয়ার অভিযোগ, কাঠগড়ায় নিশীথের পিএ

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিধানসভার টিকিট ও চাকরি দেওয়ার নাম করে ৫০ লক্ষ টাকা নেওয়ার অভিযোগ উঠল নিশীথ প্রামানিকের পিএ-র বিরুদ্ধে। এই ঘটনায় ইতিমধ্যেই ময়নাগুড়ি থানায় অভিযোগ দায়ের করা

এরপর ৩ পাতায়









### আবারও প্রশ্নের মুখে নারী সুরক্ষা!

## এবার পঞ্চায়েত সদস্যের সামনেই চার মহিলাকে ফেলে মার!



**নুরসেলিম লস্কর, ক্যানিং : নিউজ সারাদিন :** সম্পত্তি নিয়ে পারিবারিক বিবাদের জেরে চার মহিলাকে বেধড়ক মারধরের অভিযোগ ভাই ও ভাইপোদের বিরুদ্ধে। এলাকারই একটি সালিশি সভায় নিয়ে গিয়ে হামলার অভিযোগ। ঘটনাটি ঘটেছে দক্ষিণ ২৪ পরগনার ক্যানিং থানার ইটখোলা গ্রাম পঞ্চায়েতের বকরাবনি গ্রামে। মারধরে আহত ওই মহিলাদের উদ্ধার করে ক্যানিং হাসপাতালে নিয়ে গিয়ে ভর্তি করা হয়।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বাবার সম্পত্তির ভাগ-বাটোয়ারা নিয়ে এই চার বোনের সঙ্গে বিবাদ বাঁধে আজহারউদ্দিন মোল্লা, রেজ্জাক মোল্লা, হেচামুদ্দিন মোল্লা নামে তিন ভাইয়ের। সমস্যা মেটাতে স্থানীয় পঞ্চায়েত সদস্য রমজান মোল্লা রবিবার বিকেলে এলাকায় একটি সালিশি সভা ডেকেছিলেন। অভিযোগ, সেই সালিশি সভায় ডাকা হয় ঐ চার মহিলাকেও। আর সালিশি সভা শুরু হতেই ওই মহিলাদের সঙ্গে তাঁদের ভাই ও ভাইপোদের তর্কাতর্কি শুরু হয়ে যায়। মুহূর্তে পরিস্থিতি আরও উত্তপ্ত হয়ে ওঠে। অভিযোগ, এরপর পঞ্চায়েত সদস্যের সামনেই ভাই ও ভাইপোরা বেধড়ক মারধর শুরু করেন ওই চার মহিলাকে। পরিস্থিতি রীতিমতো উত্তপ্ত হয়ে ওঠে। শেষমেশ গন্ডগোল থামাতে সচেষ্ট ভূমিকা নেন পঞ্চায়েত সদস্য নিজেই। তাঁরই হস্তক্ষেপে অবশেষে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।আহতদের রবিবার রাতেই ক্যানিং মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়েছে। সোমবার সকালে বিষয়টি নিয়ে ক্যানিং থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন আক্রান্তরা। তদন্ত শুরু করেছে ক্যানিং থানার পুলিশ।

২ পাতার পর

## বিধানসভার টিকিট-চাকরির টোপ দিয়ে বিজেপি নেতার থেকে টাকা নেওয়ার অভিযোগ, কাঠগড়ায় নিশীথের পিএ

হয়েছে নিশীথের আপ্ত-সহায়ক পরিমল রায়ের বিরুদ্ধে। হোয়াটসঅ্যাপে বার্তা দিয়ে পুলিশ সুপার উমেশ খান্ডবাহালে জানিয়েছেন, নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে তদন্ত শুরু করেছে পুলিশ। ময়নাগুড়ির মাধব ডাঙা এলাকার বাসিন্দা বিশ্বনাথ শীল। বিজেপির মেখলিগঞ্জ এলাকার ব্লক সভাপতি তিনি। বিশ্বনাথ নিজেই তাঁর ভাগ্নে ও অন্যান্য যুবকদের চাকরি এবং নিজে ২০২১ সালের বিধানসভা নির্বাচনে দাঁড়াবার জন্য টিকিট কিনতে চেয়ে অনলাইনে পেমেন্ট করে ৫০ লক্ষ টাকা পরিমল রায়কে দিয়েছেন বলে অভিযোগ।

বিশ্বনাথ শীলের কথায়, '২০১৪ সালে সিপিএম ছেড়ে বিজেপিতে যাই। তারপর থেকে বিজেপি করি। এরপর নিশীথ প্রামাণিকের সঙ্গে পরিচয় হয়। এরপর তাঁকে ফোন করে একদিন তাঁর বাড়ি যাই। আমার এক অনাথ ভাগ্নে আছে। তাঁর চাকরির জন্যই বলি।'

তিনি আরও বলেন, 'উনি আশ্বাস দেন দিল্লিতে চাকরি হয়ে যাবে। তবে আমি রাজি হইনি। কারণ ও অনাথ সেই কারণে। এরপর পরিমল রায় আমায় নিজেকে নিশীথ প্রামাণিকের পিএ পরিচয় দিয়েছে ধাপে ধাপে কখনও পঞ্চাশ লক্ষ, কখনও এক লক্ষ কখনও দুই লক্ষ টাকা নিয়েছেন। আমায় টিকিট পাইয়ে দেবেনও বলেছিলেন।'

গোটা ব্যাপারে অভিযুক্তের সঙ্গে যোগাযোগ করা হলে তাঁকে ফোনে পাওয়া যায়নি। পরবর্তী সময়ে প্রতিক্রিয়া পাওয়া গেলে তা এই প্রতিবেদনে আপডেট করে দেওয়া হবে।

১-ম পাতার পর

## ১৪ বিধানসভা আসনের উপনির্বাচনের দিন বদলাল কমিশন

দাবি ছিল, এই উৎসবগুলির জন্য রাজ্যগুলিতে ভোটারদের ভোটদানে প্রভাব পড়তে পারে। সেইজন্য যেন বদল করা হয় নির্বাচনের তারিখ। এবার সেই অনুরোধকেই মান্যতা দিল নির্বাচন কমিশন। তবে বাংলার নৈহাটি, হাড়োয়া, মেদিনীপুর, তালডাংরা , মাদারিহাট এবং সিতাই বিধানসভা কেন্দ্রে ১৩ নভেম্বর হবে উপ নির্বাচন।

১-ম পাতার পর

## পুওর পারফরম্যান্স'-এর তালিকায় ১০ জেলা! নবান্ন থেকে কড়া নির্দেশ মুখ্যমন্ত্রীর

যতটা ছিল সেই তুলনায় মাত্র সম্পন্ন হয়েছে মাত্র ২৩.৫১ শতাংশ। রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় মহিলাদের স্বনির্ভর করার জন্যই স্কুল পড়ুয়াদের ইউনিফর্মসহ তৈরি সহ নানা ধরনের কাজে যুক্ত হওয়ার নির্দেশ দিয়েছিযেন।

সেই কাজেই এবার রাজ্যের দশটি জেলার পাশে জুড়েছে 'পুয়োর পারফরমেন্স'-এর তকমা। তার জন্যই ওই দশটি জেলাকে এবার প্রয়োজনীয় পদক্ষেপ করার করা নির্দেশ দেওয়া হয়েছে। বলা হয়েছে দ্রুত কাজের গতি বাড়িয়ে বাকি ৭৬ ৪৯ শতাংশ কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে করে দিতে হবে। রাজ্যের রিপোর্ট অনুযায়ী স্টেট রুরাল লাইভ রিপোর্ট মিশন প্রকল্পে ২০২৪-২৫ অর্থবর্ষে মোট ২৩ লক্ষ স্বনির্ভর গোষ্ঠী তৈরির লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছিল।

কিন্তু দেখা যাচ্ছে এখনও পর্যন্ত মাত্র ৩৫ হাজার ২৬২টি গোষ্ঠী তৈরি করা হয়েছে। যার মধ্যে কোচবিহার (৭১.০৭ শতাংশ), হাওড়া (৫৪.৫৩ শতাংশ), উত্তর দিনাজপুর (৫১.৮৪ শতাংশ), পশ্চিম মেদিনীপুর (৫১.৮৪ শতাংশ) ও পুর্ব মেদিনীপুর (৫০.৬৮ শতাংশ) জেলায় কাজের গতি দেখে বেশ উদ্বিগ্ন রাজ্য। এছাড়া জলপাইগুড়ি (৯.৩৯ শতাংশ), হুগলি (১১.৩৭ শতাংশ), মুর্শিদাবাদ (১৩.৫৮ শতাংশ), বাঁকুড়া (১৭.১৩ শতাংশ) সহ ১০টি জেলার কাজের গতি এতটাই কম যে সার্বিকভাবে তার প্রভাব পড়ছে গোটা রাজ্যের ওপর।

## কানাডার মন্দিরে হিন্দুদের উপর হামলা খলিস্তানিদের, 'বরদাস্ত করব না', বার্তা ট্রুডোর




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কানাডার মন্দিরে হিন্দু পুণ্যার্থীদের মারধর করল খলিস্তানি জঙ্গিরা। জানা গিয়েছে, ব্রাম্পটনের হিন্দু সভা মন্দিরে রবিবার হলুদ পতাকা মন্দির চত্বরে গিয়ে তাণ্ডব চালায় জঙ্গি গোষ্ঠীর সদস্যরা। মহিলা এবং শিশুদেরও মারধর করা হয়েছে। ঘটনার তীব্র নিন্দা করেছেন কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো।

এই হামলার খবর প্রকাশ্যে আসতেই কানাডার ভারতীয় বংশোদ্ভূত সাংসদ চন্দ্র আর্য স্পষ্ট বলেন, "খলিস্তানি জঙ্গি মতাদর্শ কানাডায় কতখানি শক্তিশালী হয়ে উঠেছে, এই ঘটনাই তার প্রমাণ। ব্রাম্পটনের হিন্দু মহাসভা মন্দিরে ঢুকে যেভাবে ভক্তদের মারধর করা হয়েছে, তার পর সমস্ত সীমা পার করে গিয়েছে খলিস্তানিরা।" টরন্টোর সাংসদ কেভিন ভুং এবং কানাডার বিরোধী দলনেতা পিয়ের পলিভারও স্বীকার করেছেন, হিন্দুদের সুরক্ষা দিতে পারেনি কানাডা। পিয়েরের মতে, "প্রত্যেক ব্যক্তির অধিকার আছে নিজের ধর্ম এবং বিশ্বাস পালন করার। ধর্মস্থানে এমন হামলার তীব্র বিরোধিতা করছি।"

দীর্ঘদিন ধরেই খলিস্তানিদের মদত দেওয়ার অভিযোগ উঠেছে কানাডার প্রধানমন্ত্রীর বিরুদ্ধে। রবিবারের হামলার পর তিনি বলেন, মন্দিরে এমন হামলা মোটেই বরদাস্ত করা হবে না। কিন্তু হামলার পরে দীর্ঘ সময় কেটে গেলেও কাউকে গ্রেপ্তার করা হয়নি। কারা মন্দিরে হামলা করেছে, সেই নিয়েও মুখে কুলুপ এঁটেছে স্থানীয় পুলিশ। মন্দির চত্বরে বিরাট পুলিশবাহিনী মোতায়েন করা হয়েছে হামলার পরে।

তবে হামলার পরে দীর্ঘ সময় কেটে গেলেও কাউকে গ্রেপ্তার করেনি স্থানীয় পুলিশ।

রবিবার সোশাল মিডিয়ায় ছড়িয়ে পড়ে টরন্টোর কাছে ব্রাম্পটনের হিন্দু সভা মন্দিরে খলিস্তানি তাণ্ডবের ভিডিও। ভাইরাল হওয়া ওই ভিডিওতে দেখা যাচ্ছে, মন্দিরে আসা পুণ্যার্থীদের বেধড়ক মারধর করছে হলুদ পতাকাধারী খলিস্তানি জঙ্গিরা। স্থানীয়দের দাবি, ঘটনাস্থলে পুলিশ থাকলেও তারা হামলাকারীদের বাধা দেয়নি। মন্দির চত্বরে তাণ্ডব চালায় খলিস্তানি জঙ্গিরা।

২ পাতার পর

## নির্যাতিতার বাবা - মায়ের আমন্ত্রণে সোদপুরের বাড়িতে শুভেন্দু, হল একান্ত বৈঠক

দফতরের বেতন পাওয়া সিভিক ভলান্টিয়ার কর্তৃক ও সন্দীপ ঘোষ, অভিজিৎ মণ্ডল, বিনীত গোয়েল, অভিষেক গুপ্তা ও মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে যে সরকারি ধর্ষণ ও খুন হয়েছে তার বিচার চান ওনারা।'

শুভেন্দুবাবু জানান, 'ওনাদের সঙ্গে একান্তে কথা হয়েছে। হাতে গোনা কয়েকজন ছিলেন। ওনারা আমাকে বলেছেন, আপনি আমাদের মেয়েকে বোন বলেছেন। তাই বিচার দেওয়ার দায়িত্ব আপনার। আপনাকে আমার পরিবারের সঙ্গে থাকতে হবে। আমি নিঃশর্তভাবে তাঁর পরিবারের সঙ্গে ছিলাম। আজ থেকে বন্ধনটা আরও জোরদার হল। ওনার পরিবারের একজন শুভার্থী হিসাবে আমরা একসাথে বিচারের জন্য লড়ব। আর যারা তথ্যপ্রমাণ লোপাট করেছেন, বিচার দিতে চাইছেন না, যারা ধর্ষকদের আড়াল করছেন তাদের বিরুদ্ধে আইনি পথে ও সড়কে রাজনৈতিক উদ্দেশ ছাড়া লড়াই হবে। 'নির্যাতিতার বাবা - মা বিচার চেয়েছেন বলে জানিয়ে বিরোধী দলনেতা বলেন, 'ওনারা আমাকে ২টো জিনিস বলেছেন, এই ২টো জায়গা থেকে ওনারা সরবেন না। ১. সংগঠিত ধর্ষণ হয়েছে। এর সঙ্গে যারা যুক্ত ও প্রমাণ লোপাটের সঙ্গে যারা যুক্ত তাদের কঠিনতম শাস্তি। দ্বিতীয়, এটা সরকারি ধর্ষণ - হত্যা - প্রমাণ লোপাট। তাই সরকারেরও যাতে প্রকৃত বিচার হয় আইনের দরবারে ও জনতার আদালতে সেটা ওনারা চান।'

১-ম পাতার পর

## একশো আট শিব মন্দির দর্শন করে মুগ্ধ নিউজ সারাদিনের সম্পাদক

গোছানো উদ্যান দেখে মুগ্ধ । তিনি বলেন এটা একটা এমনই মনোরম পরিবেশে যে অশান্ত মন এই শিব মন্দিরের উদ্যানে তরু তলের ছাওয়ায় বসে একটু জিরিয়ে নিলে যেন শান্তির নীড়ে কিছুটা সময় কাটিয়ে গেলাম মনে হবে । তিনি তার লেখা বইতে এই একশো আট শিব মন্দিরের কাহিনী লিখবেন বলে জানান।

## বাংলাদেশ-আদানির মধ্যকার ইস্যুতে ভারতের কোনো ভূমিকা নেই



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বাংলাদেশ সরকার ও আদানি পাওয়ার লিমিটেডের মধ্যকার ইস্যুতে ভারত সরকারের কোনো ভূমিকা নেই বলে জানিয়েছেন, ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল। শনিবার (২ নভেম্বর) সাপ্তাহিক মিডিয়া ব্রিফিংয়ে বাংলাদেশে আদানির বিদ্যুৎ সরবরাহের বিষয়ে তিনি এমন মন্তব্য করেন।

রণধীর জয়সওয়াল বলেছেন, এটি একটি বেসরকারি সংস্থা ও বাংলাদেশ সরকারের মধ্যকার চুক্তি। বিষয়টি দুই পক্ষের চুক্তির শর্তের সঙ্গে সম্পর্কিত এবং এই চুক্তিতে ভারত সরকারের কোনো ভূমিকা নেই। সুতরাং এ বিষয়ে জানানোর জন্য এখন আমার কাছে কোনো তথ্য নেই।

সম্প্রতি বাংলাদেশে বিদ্যুৎ সরবরাহ অর্ধেকে নামিয়ে এনেছে ভারতের আদানি পাওয়ার ঝাড়খণ্ড লিমিটেড। পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসির তথ্যে দেখা গেছে, গত বৃহস্পতিবার মধ্যরাত থেকে আদানি প্ল্যান্ট অর্ধেক বিদ্যুৎ সরবরাহ বন্ধ করে দেয়। ১ হাজার ৪৯৬ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎকেন্দ্রটি বর্তমানে একটি ইউনিট থেকে প্রায় ৭০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করছে, যা জাতীয় উৎপাদনকে প্রভাবিত করেছে।

জানা গেছে, সময় মতো বকেয়া বিল না পেয়ে তারা এই সিদ্ধান্ত নিয়েছে। এর আগে তারা বিদ্যুৎ সচিবকে চিঠি দিয়ে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডকে (পিডিবি) 'পাওয়ার পারচেজ অ্যাগ্রিমেন্ট' অনুযায়ী, অক্টোবরের ৩১ তারিখের মধ্যে টাকা দিয়ে দেয়ার কথা ছিল। সে বিষয়ে আগাম সতর্ক

এরপর ৪ পাতায়

## রাম মন্দির নির্বাচনী ইস্যু এবার যোগী আদিত্যনাথকে বাবা সিদ্দিকির মতো হত্যার হুমকিহতে পারে না: অধ্যাপক কুমার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথকে ১০ দিনের মধ্যে পদত্যাগ না করলে বাবা সিদ্দিকির মতো খুনের হুমকি দেয়া হয়েছে। শনিবার (২ নভেম্বর) এ বিষয়ে একটি হুমকিবার্তা মুম্বাইয় পুলিশের কাছে আসে।

কয়েক সপ্তাহ আগেই দেশটির সাবেক মন্ত্রী ও জাতীয়তাবাদী কংগ্রেস পার্টির নেতা বাবা সিদ্দিকিকে গুলি করে হত্যা করা হয়। এছাড়া বলিউড সুপারস্টার সালমান খানকে একের পর এক প্রাণনাশের হুমকি দেয়া হচ্ছে। এর মধ্যেই উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রীকে এমন হুমকি দেয়া হলো।

প্রতিবেদনে এনডিটিভি বলছে, মুম্বই ট্রাফিক পুলিশের কন্ট্রোল রুমের হোয়াটসঅ্যাপ হেল্পলাইন নম্বরে গতকাল সন্ধ্যায় একটি অপরিচিত নম্বর থেকে একটি বার্তা আসে। এতে বলা হয়েছে, যোগী আদিত্যনাথ যদি ১০ দিনের মধ্যে পদত্যাগ না করেন, তাহলে বাবা সিদ্দিকির মতো তাকেও হত্যা করা হবে।

গত কয়েক সপ্তাহ ধরে মুম্বাইয়ে পুলিশের কাছ থেকে এমন হত্যার হুমকির বার্তা আসছে। এর বেশিরভাগই সালমান খানকে লক্ষ্য করে এবং মুক্তিপণ না দিলে অভিনেতাকে হত্যা করা হবে বলে হুমকি দেওয়া হয়। চলতি বছরের গোড়ার দিকে অভিনেতার বাড়ির বাইরে গুলি চালানোর প্রেক্ষাপটে পুলিশ এই বার্তাগুলোর প্রেরকদের খুঁজে বের করে এবং তাদের হেফাজতে নেয়। এদের মধ্যে জামশেদপুরের এক সবজি বিক্রেতা এবং নয়ডার এক ট্যাটু আর্টিস্ট রয়েছেন। মুম্বই পুলিশ তাদের রিমান্ডে নিয়েছে এবং জিজ্ঞাসাবাদ করছে।



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২৯৭ সংখ্যা ০৫ নভেম্বর, ২০২৪ মঙ্গলবার ১৯ কার্তিক, ১৪৩১

৩ পাতার পর

## বাংলাদেশ-আদানির মধ্যকার ইস্যুতে ভারতের কোনো ভূমিকা নেই

করেছিলেন গৌতম আদানি।

সতর্কতা হিসেবে ২৭ অক্টোবর অন্তর্বর্তী সরকারকে চিঠি পাঠিয়েছিল আদানি গোষ্ঠী। কিন্তু সময়ের মধ্যে বিল না দেয়ায় বৃহস্পতিবার অর্থাৎ ৩১ তারিখ থেকেই বিদ্যুৎ সরবরাহের পরিমাণ কমিয়ে দেয়া হয়। হিসাব বলছে, এখনো পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ বাবদ বকেয়ার পরিমাণ ৮৪৬ মিলিয়ন মার্কিন ডলার।

আদানির সংস্থা জানিয়েছে, বাংলাদেশের বিদ্যুৎ ডেভেলপমেন্ট বোর্ড বাংলাদেশ কৃষি ব্যাংক থেকে ১৭০.০৩ মিলিয়ন মার্কিন ডলারের লেটার অব ক্রেডিট দেয়নি। ৮৪৬ কোটি টাকার বকেয়াও ক্লিয়ার করেনি। আদানি গোষ্ঠীর তরফে বলা হয়েছে, বকেয়া না মেটালে সরবরাহ পুরোপুরি বন্ধ করার সিদ্ধান্ত নেয়া হতে পারে।

বাংলাদেশে বেশ কয়েকটি বিদ্যুৎকেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ করছে আদানির সংস্থা। তবে জুলাই থেকে বিদ্যুতের দাম বাড়ানো হয়েছে। বলা হয়েছে, ইন্দোনেশিয়া ও অস্ট্রেলিয়া থেকে কয়লা উত্তোলনের জেরে দাম বৃদ্ধি পেয়েছে। সপ্তাহে ১৮ মিলিয়ন ডলারের বদলে তা বেড়ে দাঁড়ায় ২২ মিলিয়ন ডলার। সে সম্পর্কে বাংলাদেশ সরকারও অবগত।

যদিও বাংলাদেশ বিদ্যুৎ বিভাগের তরফে দাবি করা হয়েছে, আগের বকেয়া অর্থ মিটিয়ে দেয়া হলেও গত জুলাই মাস থেকে আদানি গোষ্ঠী বিদ্যুতের দাম বাড়িয়ে দিয়েছে। সংস্থার তরফে প্রতি সপ্তাহেই অতিরিক্ত ২২ মিলিয়ন ডলার চার্জ করা হচ্ছে। যার কারণে এই বিপুল অর্থ বকেয়া রয়ে গেছে।

## সম্পাদকীয়

### পুজোর ছুটিতে প্রেম, তারপরেই ঘরছাড়া নাবালিকারা, বাড়ি ফেরাতে হিমসিম খাচ্ছে পুলিশ

হাতে হাতে ঘুরছে মোবাইল। সেখানেই মিসকলে আলাপ। কয়েকদিনের কথাবার্তাতেই প্রেমে হাবুডুবু। শেষে বেপাত্তা হতে হুঁশ ফিরছে বাবা-মায়ের। মেয়ে আমার গেল কই! হ্যাঁ, এটাই চূড়ান্ত সত্য এখন গ্রামবাংলা থেকে শহর বাংলাতে। উত্তরবঙ্গ থেকে দক্ষিণবঙ্গ, কোচবিহার থেকে কাকদ্বীপ, বনগাঁ থেকে ঝালদা, ছবিটা সর্বত্রই সমান।মেয়েদের ফিরে পেয়ে বাবা-মা কী বলছে? তাঁদের অধিকাংশের দাবি, মেয়েরা বই, খাতা নিয়ে পড়তে যাচ্ছে। তারপর মেয়ে কোথায় যাচ্ছে, কী করছে, একজন বাবা-মা কতটা খোঁজ রাখতে পারে? মেয়েরা যদি নিজেদের ভালোটা না বোঝে, তবে বাবা মায়েদের অসহায় অবস্থার মধ্যে পড়তেই হবে! পুলিশের কী বক্তব্য? তাঁদের দাবি, নাবালিকা নিখোঁজ হওয়ার অভিযোগ পেলেই তাঁরা তৎপরতার সঙ্গে উদ্ধারে উদ্যোগ নিচ্ছেন। কিন্তু নাবালিকাদের বাড়ি ছাড়া রুখতে স্কুল ও সামাজিক স্তরে মেয়েদের মধ্যে সচেতনতা আরও বৃদ্ধি হওয়া দরকার। স্কুলের কী দাবি? তাঁদের বক্তব্য, মাঝেমাঝেই মেয়েদের নিয়ে সচেতনতার শিবির করানো হয়। তাদের বোঝানো হয়। নাবালিকা বিয়ের নানা সমস্যার দিকগুলি তুলে ধরা হয়। তাঁরা মনে করেন অভিভাবকদের আরও সচেতন হওয়া দরকার। অর্থাৎ সবাই বেশ সুন্দর ভাবে বল একে অপরের কোর্টে পাঠিয়ে দিচ্ছেন। কেউ কিন্তু সামগ্রিক দায়দায়িত্ব নিচ্ছেন না। আর এটাই ভাবাচ্ছে বিশেষজ্ঞদের। বাড়ছে মেয়ে পাচারের সম্ভাবনা।কমবেশি সব থানাতেই বাবা-মারা এসে হত্যে দিচ্ছেন, 'মেয়েকে ফিরিয়ে দিন'। আর সেই সব ঘটনার তদন্তে নেমে কার্যত নিজেরাই অবাক হয়ে যাচ্ছেন পুলিশের আধিকারিকেরা। প্রথমে তাঁরা ভেবেছিলেন, প্রেমের ফাঁদে মেয়ে পাচার হচ্ছে। কিন্তু ঘটনার তদন্তে নেমে তাঁরা দেখতে পাচ্ছেন, শুধুমাত্র প্রেমের টানে ঘর ছাড়ছে নাবালিকারা। সেই প্রেমও আবার হাতেগোনা কয়েকদিনের মাত্র। অধিকাংশ নাবালিকাই প্রেমে পড়েছে পুজোর ছুটিতে ।আর সেই ছুটি শেষের আগেই তাঁরা ঘর ছেড়েছে প্রেমের টানে। এমন ঘটনার পরিসংখ্যানটাও চমকে দেওয়ার মতো।ঘটনা হচ্ছে, সরকারি, বেসরকারিভাবে সচেতনতার পরও নাবালিকা বিয়ে আটকানো যাচ্ছে না। আগের থেকে প্রবণতা কমলেও ঘটছে নাবালিকা বিয়ে। অল্প বয়সে প্রেমের ফাঁদে পড়ছে নাবালিকারা। পুজোর ছুটি চলছে। দীর্ঘ পুজোর ছুটিতে স্কুল পড়ুয়া নাবালিকারা সোশ্যাল মিডিয়ায়(ঝড়পরধষ গবফরধ) আলাপ থেকে জমে ওঠা প্রেমের টানে ঘর ছাড়ছে। পরিসংখ্যান বলছে, পূর্ব বর্ধমান জেলার কালনা ও নাদনঘাট থানা এলাকায় গত ২০ দিনে ১৫ জন পালিয়ে যাওয়া নাবালিকাকে উদ্ধার করে বাবা-মায়ের কাছে ফিরিয়ে দিয়েছে পুলিশ। কিন্তু এই ফেরানোর কাজটি করতে গিয়েই হিমসিম খেতে হচ্ছে পুলিশের আধিকারিকদের। এই সব ঘটনায় থানায় নাবালিকার ঘর ছেড়ে পালিয়ে যাওয়ার অভিযোগ দায়ের হতেই কেস রুজু করে নাবালিকা উদ্ধারে নেমে পড়ছেন আধিকারিকেরা। এমনও দেখা গেছে, প্রেমের টানে বিয়ে করে পুলিশের অভিযানের উপস্থিতি বুঝে মুছে ফেলছে সিদুর, খুলে ফেলছে শাঁখা। পুলিশের কছে নাবালিকারা স্বেচ্ছায় বাড়ির সমস্যায় পালিয়ে যাওয়ার বয়ান দিচ্ছে। অধিকাংশ মেয়ে বাবা-মায়ের কাছে ফিরে যাচ্ছে। আবার আদালতের নির্দেশে হোমে যাওয়ার ঘটনাও ঘটেছে।

## আদিশক্তি



মৃত্যুঞ্জয় সরদার

(শেষ পর্ব)



যেতেন।

কালীঘাটে মূল পুজো আটটি- রক্ষাকালী, স্নানযাত্রা, জন্মাষ্টমী, মনসাপুজো, দুর্গাপুজো, শীতলাপুজো, চড়ক ও গাজন এবং রামনবমী।

কালীঘাটে কালীপুজোর রাতে দেবীকে কালীরূপে নয়, লক্ষ্মীরূপে আরাধনা করা হয়। কালীঘাটের এই লক্ষ্মীপুজো মহালক্ষ্মী পুজো নামেও খ্যাত। এর আর এক নাম শ্যামা লক্ষ্মীপুজো।

অলক্ষ্মীকে গোবরের পুতুল মতো করে মূল মন্দিরের বাইরে রাখা হয়। তারপর মন্দিরের সেবায়েত হালদার বংশের সকলকে লক্ষ্মীপুজোয় অংশগ্রহণ করতে হয়।

কালীঘাটে বামাচারী কাপালিক ও অঘোরপন্থীদের দাপটের সময় কালীপুজোর রাতে লক্ষ্মীপুজো বলে কিছু ছিল না। শুধু কালীপুজোই হত। কালীঘাটে যুগযুগান্ত ধরে কালীপুজোর রাতে কালীপুজোই হয়ে এসেছে।

মন্দিরের সমস্ত ক্ষমতা ভবানীদাস চক্রবর্তীর হাতে আসার পর তিনিই কালীপুজোর রাতে বিশেষ কালীপুজো বন্ধ করে লক্ষ্মী-নারায়ণের পুজোর প্রবর্তন করেন। কালীঘাটে কালীপুজোর দিন মায়ের মন্দিরে লক্ষ্মীপুজোর সময় কিন্তু কোনও ঘটস্থাপন হয় না। শুধু লক্ষ্মীপুজো কেন, কোনও পুজো উপলক্ষেই এখানে ঘট স্থাপনের নিয়ম নেই। কারণ, মা স্বয়ং এখানে বিরাজমান।

অলক্ষ্মী বিদায়ের পরই হাত-পা ধুয়ে পুরোহিত শ্যামা লক্ষ্মীপুজোয় বসবেন। প্রত্যেক সেবায়েত-পরিবার থেকে মা লক্ষ্মীর জন্য নিরামিষ ভোগ আসবে মন্দিরে। সেই ভোগ থরে থরে সাজানো হবে মা দক্ষিণা কালীর সামনেই। লক্ষ্মীর জন্য নিরামিষ ভোগের ব্যবস্থা। কিন্তু দক্ষিণা কালীর জন্যও তো আলাদা ভোগের ব্যবস্থা করতে হবে।


সেই ভোগ কিন্তু আমিষ। তাতে মাছ-মাংস সবরকম থাকবে। মা কালীর আমিষ ভোগও মায়ের সামনেই সাজানো হবে।

তবে লক্ষ্মীর নিরামিষ ভোগের সঙ্গে যেন কোনওভাবেই মা কালীর আমিষ ভোগের ছোঁয়া না লাগে। এই প্রসঙ্গে একটা কথা জানিয়ে রাখি, কালীঘাটে মহালক্ষ্মী পুজোর দিনও কিন্তু পাঁঠাবলি হয়।

সেবায়েত পরিবারের লোকজন ও পশ্চিমবঙ্গীয়দের পাঁঠাবলি নেই। কিন্তু পূর্ববঙ্গীয় যাঁরা তাঁরাও তো এদিন মায়ের কাছে আসতে পারেন। মায়ের নামে সংকল্প করে তাঁরা পাঁঠাবলিও দেন।

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

## হাসিনাকে আশ্রয় দেওয়া নিয়ে মোদির সমালোচনা করলেন ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গত ৫ আগস্ট ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানের মুখে দেশ ছেড়ে পালিয়ে ভারতে গিয়ে আশ্রয় নেন সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এরপর দেশে অন্তর্বর্তী সরকার গঠন হলে ভারতে শেখ হাসিনার আশ্রয় পাওয়ার বিষয়টি নিয়ে বারবার প্রশ্ন তোলা হয়েছে। এবার একই ইস্যুতে প্রশ্ন তুললেন ভারতেরই পূর্বাঞ্চলীয় রাজ্য ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন।

ইন্ডিয়া টুডের প্রতিবেদন অনুযায়ী, রবিবার বিজেপির ইশতেহার প্রকাশের সময় বাংলাদেশি অনুপ্রবেশকারীদের আশ্রয় দেওয়া নিয়ে হেমন্ত সোরেনকে অভিযুক্ত করেন অমিত শাহ। এরই পরিপ্রেক্ষিতে ভারতে শেখ হাসিনার আশ্রয় পাওয়ার প্রক্রিয়া নিয়ে অমিত শাহর প্রতি পাল্টা প্রশ্ন তোলেন তিনি।

ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেনকে উদ্দেশ্য করে অমিত শাহ বলেছিলেন, আপনি অনুপ্রবেশকারীদের আশ্রয় দিয়ে আপনার ভোটব্যাংক বানিয়েছেন। আজ আমি ঝাড়খণ্ডের জনগণকে জানাতে চাই, তুষ্টির রাজনীতির অবসান ঘটিয়ে বিজেপি অনুপ্রবেশকারীদের তাড়িয়ে দেবে এবং ঝাড়খণ্ডকে প্রথম থেকে পুনর্গঠন করবে। অমিত শাহের এ মন্তব্যের জবাবে তীব্র প্রতিক্রিয়া জানান রাজ্যটির মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন। সরাসরি কেন্দ্রীয় সরকারের দিকে আঙুল তুলে পাল্টা প্রশ্ন করে তিনি বলেন, কীসের ভিত্তিতে হাসিনাকে ভারতে আশ্রয়ে দিয়েছে মোদি সরকার? শেখ হাসিনার হেলিকপ্টার কেন এখানে নামতে দিলেন? আমি জানতে চাই, বাংলাদেশের সঙ্গে বিজেপির কোনো ধরনের অভ্যন্তরীণ বোঝাপড়া আছে কিনা?

সোরেনের দাবি, ঝাড়খণ্ডে উৎপাদিত বিদ্যুৎ বাংলাদেশে সরবরাহ করা হচ্ছে, আর রাজ্যের মানুষ এই বিদ্যুৎ কেন্দ্রগুলোর কারণে সৃষ্ট দূষণ মোকাবিলা করছে।

তিনি বলেন, সীমান্ত পাহারা দেওয়া এবং অনুপ্রবেশ রোধ করা কি কেন্দ্রের দায়িত্ব নয়? এতে রাজ্য সরকারের কোনো ভূমিকা নেই। অনুপ্রবেশকারীরা আপনার (বিজেপি) শাসিত রাজ্যগুলোর মাধ্যমে ভারতে প্রবেশ করে। আপনি সেখানে অনুপ্রবেশ খতিয়ে দেখেন না কেন?

উল্লেখ্য, ৮১ সদস্যের ঝাড়খণ্ড বিধানসভার নির্বাচন দু'টি ধাপে ১৩ ও ২০ নভেম্বর অনুষ্ঠিত হবে। ভোট গণনা করা হবে আগামী ২৩ নভেম্বর। বিজেপিবিরোধী জোট 'ইন্ডিয়া'র অধীনে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবে ঝাড়খণ্ডের বর্তমান ক্ষমতাসীন দল জেএমএম।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

রাজা খেতে বসলেই পঙ্গপালের মত পিঁপড়ের দল থালার চারদিকে ঘিরে বসত। রাজা রানীকে তার খাবারে ঘি দিতে বারণ করলেন। তিনি খেতে বসেন খাবার থালার চারদিকে পিঁপড়ের দল এসে জড়ো হয় কিন্তু খাবারে তাদের রুচি হয় না। তাই দেখে এক পিঁপড়ে বলে ওই অলক্ষ্মীর জন্য রাজা এমন গরিব হয়েছে যে খাবারে ঘি জুটছে না। তা শুনে রাজা হা হা করে হেসে উঠেন।রানী দেখতে পেয়ে বললেন আপনি এমন নিজের মনে হাসছেন কেন?রাজাও বলবেন না আর রানীও ছাড়বেন না। **ক্রমশঃ**

## ৩৭০ ধারা নিয়ে জম্মু- কাশ্মীরে প্রথম অধিবেশনে ধুন্ধুমার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জম্মু ও কাশ্মীর বিধানসভার অধ্যক্ষ নির্বাচিত হয়েছেন আব্দুল রহিম রাথের। বর্ষীয়ান ন্যাশনাল কনফারেন্স বিধায়ক আব্দুল রহিম রাথের সোমবার জম্মু ও কাশ্মীর বিধানসভার অধ্যক্ষ নির্বাচিত হন। প্রোটেম স্পিকার মুবারক গুল এদিন বিধানসভায় ঘোষণা করেন, জম্মু ও কাশ্মীর বিধানসভার অধ্যক্ষ নির্বাচিত হয়েছেন আব্দুল রহিম রাথের। বিধানসভায় এদিন প্রস্তাব পেশ হয় এবং তা পাশও হয়ে যায়।

অধ্যক্ষ নির্বাচিত হওয়ার পর আব্দুল রহিম রাথের-কে অভিনন্দন জানিয়েছেন মুখ্যমন্ত্রী ওমর আব্দুল্লাহ। ওমর বলেছেন, 'বিধানসভায় উপস্থিত সকলের পক্ষ থেকে আপনাকে অভিনন্দন। আপনাকে অধ্যক্ষ করার বিষয়ে কেউ আপত্তি জানায়নি। এখন আপনিই বিধানসভার অভিভাবক।'

টানা ৬ বছর পর সোমবার জম্মু-কাশ্মীরে বসল প্রথম অধিবেশন। আর সেখানেই উঠল সংবিধানের ৩৭০ নম্বর ধারা নিয়ে প্রসঙ্গ। তখনই বিধানসভায় তুমুল হই-হট্টগোল, অশান্তি শুরু হয়। জানা গিয়েছে, এদিন পিপলস ডেমোর্ক্যাটিক পার্টির (পিডিপি) বিধায়ক ওয়াহিদ পারা ৩৭০ ধারা বিলোপের বিরোধিতা করে একটি প্রস্তাব উত্থাপন করেছিলেন বিধানসভায়। আর তখনই শুরু হয় তুমুল হই-হট্টগোল।

সদ্য সরকার গঠন করেছে ন্যাশনাল কনফারেন্স। সোমবার ছিল প্রথম অধিবেশন। এদিনের অধিবেশনের শুরুতেই পিডিপি বিধায়ক ওয়াহিদ পারা ৩৭০ ধারা বিলোপের বিরোধিতা করে একটি প্রস্তাব আনেন। আর তা তিনি স্পিকার আবদুল রহিম রাথারের কাছে পাঠান। এরপরেই জম্মু ও কাশ্মীরের ২৮ জন বিজেপি বিধায়ক এই প্রস্তাবের বিরোধিতা করেন। হই-হট্টগোল শুরু হয়।

বিধানসভার মধ্যে বিশৃঙ্খলা শুরু হতেই স্পিকার বারবার বিক্ষোভকারী সদস্যদের তাদের আসন গ্রহণ করার জন্য অনুরোধ করেন। কিন্তু তারা তাদের আন্দোলন অব্যাহত রেখেছিলেন। এরপরেই বিধানসভার মধ্যে নিয়ম লঙ্ঘনের দায়ে বিজেপি বিধায়ক শ্যাম লাল শর্মাকে সাসপেন্ড করেন অধ্যক্ষ।

বলা বাহুল্য, ২০১৯ সালের ৫ অগস্ট লোকসভায় ৩৭০ ধারা বিলোপের সিদ্ধান্ত পাস হয়। এর ৬ বছর বাদে কাশ্মীরে নির্বাচন হয়। ক্ষমতায় আসে এনসি-কংগ্রেস জোট। এদিন ছিল বিধানসভার প্রথম অধিবেশন। সেখানে আনা হয় ৩৭০ ধারা বিলোপের সিদ্ধান্ত একটি প্রস্তাব। আর নিয়ে বিধানসভার মধ্যে ছড়িয়ে পড়ল উত্তেজনা।

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

## শাক চাষে সফল মিমি



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** কালীপূজার সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত রয়েছে ভূত চতুর্দশী। বলা হয়, এই দিন অশুভ শক্তির বিনাশ ঘটানোর দিন। চামুণ্ডা তার ভূত ও প্রেতাত্মাদের নিয়ে ভক্তের বাড়িতে আসেন ভূত চতুর্দশীতে। অশুভ শক্তির বিনাশ ঘটিয়ে শুভ শক্তি প্রতিষ্ঠা করেন দেবী। ভূত চতুর্দশীর দিন চৌদ্দ শাক খেতে হয়। এটা বাঙালিদের চিরাচরিত প্রথা। দুপুরে ভাতের সঙ্গে চৌদ্দ শাক আর রাতে চৌদ্দ বাতি। যুগ যুগ ধরে এই প্রথা চলে আসছে।

টালিউড অভিনেত্রী মিমি চক্রবর্তী বরাবরই পরিবেশপ্রেমী। নিজের অ্যাপার্টমেন্টের ছোট্ট ব্যালকনিতেই টবে করে চাষ করে ফেলেছেন বিভিন্ন রকমের শাক। পালং, মেথি শাক থেকে শুরু করে আরো নানা রকমের শাক রয়েছে মিমির কিচেন গার্ডেনে। গত বুধবার ভূত চতুর্দশীর দিন নিজের ব্যালকনিতে চাষ করা সেসব রকমারি শাক দিয়েই চৌদ্দ শাক খাওয়ার রীতি পালন করছেন অভিনেত্রী।

শাক তোলার ভিডিও শেয়ার করে নিজেই লিখেছেন, 'নিজের লাগানো ১৪ শাক নিয়ে মাতামাতি।' কিচেন গার্ডেন থেকে অভিনেত্রীর শেয়ার করা ভিডিও দেখে উচ্ছ্বসিত অনুরাগীরাও।

## মুক্তির আগেই সৌদি আরবে নিষিদ্ধ 'সিংহাম এগেইন' ও 'ভুলভুলাইয়া ৩'



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বক্স অফিসে তুমুল লড়াই চলছে 'ভুলভুলাইয়া ৩' এবং 'সিংহাম এগেইন' নিয়ে। দুই ছবিই অগ্রিম বুকিংয়ে রেকর্ড সৃষ্টি করেছে। যে ছবি নিয়ে ভারতজুড়ে উত্তাল সৃষ্টি, ঠিক সেই দুই ছবিকেই নিষিদ্ধ ঘোষণা করল সৌদি আরব। ছবি মুক্তির ঠিক আগের দিন অর্থাৎ বৃহস্পতিবার সৌদি আরবের প্রশাসনের পক্ষ থেকে জানানো হল, সৌদি আরবে মুক্তি পাবে না 'সিংহাম এগেইন' ও 'ভুলভুলাইয়া ৩'! হঠাৎ এমন সিদ্ধান্ত কেন নিল সৌদি আরবের প্রশাসন? সূত্রের খবর, প্রেক্ষাগৃহে মুক্তি দেওয়ার আগে দুই সিনেমাই দেখেছে সেই দেশের রিভিউ কমিটি। তাদের মতে, এই দুই ছবিতেই হিংসা রয়েছে ভরপুর এবং যৌনতাও রয়েছে। শুধু তাই নয়, এই দুই সিনেমা ধর্মীয় ভাবাবেগে আঘাত করতে পারে। সে কারণেই সৌদি আরবে মুক্তি পাবে না 'সিংহাম এগেইন' ও 'ভুলভুলাইয়া ৩'। তবে শুধুই বলিউডের এই দুই ছবি নয়, দক্ষিণী ছবি 'আমরণ'কেও নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে।

এদিকে, ভারতজুড়ে 'ভুল ভুলাইয়া ৩' সিনেমার টিকিটের চাহিদা তুঙ্গে। মুক্তির প্রথম দিনেই যে প্রেক্ষাগৃহ উপচে পড়বে, তা হলফ করে বলা যাচ্ছে। আর দর্শকদের মাঝে 'রূহ বাবা, মঞ্জুলিকা'র ভৌতিক রসায়ন দেখার এমন চাহিদা দেখে মেট্রো সিটিগুলোতে চড়া দামে বিক্রি হচ্ছেভুল ভুলাইয়া ৩'র টিকিট।

অগ্রিম বুকিংয়েও বাজিমাত করেছে 'ভুলভুলাইয়া ৩'। বক্স অফিসের হিসেব বলছে, কার্তিক আরিয়ান, বিদ্যা বালান, মাধুরী দীক্ষিত ও তৃপ্তি দিমরি অভিনীত এই ছবি ইতিমধ্যেই এক কোটি টাকার ব্যবসা করে ফেলেছে।

## 'আলফা'য় হৃত্বিকের সঙ্গে আলিয়া




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** এবার আলিয়ার সঙ্গে স্ক্রিন শেয়ার করবেন হৃত্বিক রোশন। 'আলফা়' সিনেমায় 'কবীর' চরিত্রে দেখা মিলবে হৃত্বিকের। ২০১৯ সালে ব্লকবাস্টার সিনেমা 'ওয়ার'-এ এজেন্ট কবীরের চরিত্রে অভিনয় করে সবার মন জয় করে নিয়েছিলেন অভিনেতা হৃত্বিক রোশন। এবার যশরাজ স্পাই ইউনিভার্সের আসন্ন সিনেমা 'আলফা'য় ক্যামিও চরিত্রে অভিনয় করতে চলেছেন হৃত্বিক। গ্রিক শব্দ থেকে অনুপ্রাণিত হয়ে সিনেমাটির নাম 'আলফা' দেয়া হয়েছে, যার অর্থ শক্তি এবং আধিপত্য বিস্তার করা।

এবার 'আলফা' সিনেমায় আলিয়া ভাট এবং শর্বরী ভায়াঘের সঙ্গে স্ক্রিন শেয়ার করবেন হৃত্বিক। আলিয়া এবং শর্বরী গোয়েন্দা এজেন্টের ভূমিকায় অভিনয় করবেন এই সিনেমায়। এই সিনেমায় অভিনয় করতে দেখা যাবে ববি দেওল এবং অনিল কাপুরকেও। জানা গেছে, ক্যামিও চরিত্রে অভিনয় করার জন্য কিছুদিনের মধ্যেই শুটিং শুরু করবেন হৃত্বিক। তিনি বর্তমানে অয়ন মুখার্জি পরিচালিত 'ওয়ার ২' সিনেমাটি নিয়ে ভীষণ ব্যস্ত। এই সিনেমায় হৃত্বিকের বিপরীতে অভিনয় করবেন কিয়ারা আদভানি। খলনায়কের চরিত্রে অভিনয় করবেন জুনিয়র এনটিআর। শিব রাওয়েল পরিচালিত 'আলফা' সিনেমাটির বেশিরভাগ শুটিং হবে কাশ্মিরে, বাকিটা মুম্বাইয়ে। ১০ দিন ধরে কাশ্মিরে শুটিং হবে বলে জানা গেছে।

## ৫৯-এ শাহরুখ খান, সেজে উঠলো মান্নাত



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** আর মাত্র কয়েকটা দিনের অপেক্ষা। ২ নভেম্বর, বলিউড বাদশা শাহরুখ খান ভক্তদের কাছে উৎসবের দিন। গোটা মুম্বাইজুড়ে এদিন চলতে থাকে কিং খানের জন্মদিনের উদযাপন। এখানেই শেষ নয়, পাশাপাশি গোটা দেশজুড়ে নানা ফ্যান ক্লাব আয়োজন করে শাহরুখ খানের জন্মদিনের পার্টি। কিং খানকে এই বিশেষ দিনে কাছ থেকে শুভেচ্ছা জানাতে হাজার হাজার ভক্তরা হাজির হয়ে যান নায়কের বাড়ি মান্নতের সামনে। ২ নভেম্বর অর্থাৎ আগামী শনিবার সেই দিন। তার আগেই এবার পড়ে গেছে দীপাবলি। সেই উপলক্ষ্যেই সেজে উঠেছে শাহরুখের বাসস্থান। তবে কেবল দীপাবলি নয়, কিং খানের জন্মদিন সেলিব্রেশনের জন্যও সাজানো হল মান্নতকে। সেই ভিডিও এখন সোশ্যাল মিডিয়ায় ভাইরাল। দেশের বিভিন্ন প্রান্ত থেকে এদিন শাহরুখ খানের বাড়ির সামনে অনুরাগীরা ভিড় জমিয়ে থাকেন। মধ্যে রাতে চলতে থাকে সেলিব্রেশন। শাহরুখের গান থেকে শুরু করে শাহরুখের পোজ, সবই ভক্তরা এদিন সাজিয়ে রাখেন উপহারের তালিকায়। ২০২৩ সালে ভক্তরা মিলে কিং খানের বাড়ির সামেন ঝুমে যো পাঠান গানে নাচ জুড়ে দিয়েছিলেন। যা দেখে গ্ল্যালারিতে দাঁড়িয়ে কিং খানও নিজেকে ধরে রাখতে পারেননি। নিজের সিগনেচার পোজের পাশাপাশি তিনি এই নাচের বেশ কিছু স্টেপেও পা মেলান সকলের সঙ্গে। এবার শুক্রবার সন্ধ্যা থেকেই শুরু হয়ে যাবে সেলিব্রেশন। প্রতিবারের মতো এবারো মোতায়েন থাকবে বহু পুলিশ। বিপুল সংখ্যক অনুরাগীদের সামাল দিতে প্রতিবছরই নিরাপত্তা ব্যবস্থা কড়া করা হয়। এবারো তার ব্যতিক্রম থাকছে না। প্রতিবারই ঘড়ি ধরে রাত ১২টার পর শাহরুখ খান হাজির হন বাইরে। আর সেই মহেন্দ্রক্ষণের জন্যই মুখিয়ে থাকেন তার ভক্তরা। প্রিয় অভিনেতাকে কাছ থেকে দেখতে মান্নাতের সামনেই হাজির হন তারা।

উল্লেখ্য, ২ নভেম্বর ১৯৬৫ সালে শাহরুখ খান জন্মগ্রহণ করেন। "বাদশাহ", "বলিউডের কিং" ও "কিং খান" হিসেবে পরিচিত শাহরুখ খান ৯০টির অধিক চলচ্চিত্রে অভিনয় করেছেন। তবে তিনি অসংখ্য পুরস্কার অর্জন করেছেন, তন্মধ্যে রয়েছে চৌদ্দটি ফিল্মফেয়ার পুরস্কার, যার আটটিই শ্রেষ্ঠ অভিনেতার পুরস্কার।

## অনন্যার জন্মদিনে নতুন প্রেমিকের মিষ্টি বার্তা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বলিউড অভিনেত্রী অনন্যা পাণ্ডের জন্মদিনে ছবি পোস্ট করে 'আই লাভ ইউ' লিখেই দিলেন ওয়ালকার ব্লাঙ্কো। তাও আবার ইনস্টাগ্রাম স্টোরিতে। তাতেই নেটিজেনদের মত, আদিত্য রায় কাপুর তাহলে এবার নিশ্চিতভাবেই অনন্যার জীবনে অতীত। গত দুবছর ধরে আদিত্য ও অনন্যার প্রেম গুঞ্জন নিয়ে মত্ত ছিল বলিউড। তারকা জুটিকে একসঙ্গে বিদেশে ছুটিও কাটাতে দেখা গিয়েছিল। একসময় তো চাঙ্কিকন্যাকে দেখলেই রসিকতা করে আদিত্যর কথা জিজ্ঞেস করতেন পাপারাজ্জিরা। কিন্তু সুখের এই সময় আর টিকল না।

আচমকা শোনা যায়, আদিত্য-অনন্যার সম্পর্কে ফাটল ধরেছে। এর কিছুদিন পরই ওয়ালকার ব্লাঙ্কোর সঙ্গে অনন্যার প্রেমের গুঞ্জন শোনা যায়। জানা যায়, অনন্ত আম্বানির বিয়েতে গিয়ে নতুন প্রেমিকের খোঁজ পান চাঙ্কিকন্যা। বিয়ের আনন্দের মাঝে অনন্যা ও ব্লাঙ্কো নাকি অন্তরঙ্গ সময়ও কাটিয়েছে। শুধু তাই নয়, নতুন বয়ফ্রেন্ডকে অনন্যার এতটাই পছন্দ হয়েছে যে, তার নামে লকেটও বানিয়ে ফেলেছেন অভিনেত্রী। ওয়ালকার ব্লাঙ্কো পেশায় মডেল। তবে তার অন্য আরেকটি পরিচয়ও রয়েছে। ওয়ালকার রিলায়েন্সের একটি ফ্যাশন কোম্পানির প্রচার দেখেন। অনন্যার সঙ্গে তার প্রথম আলাপ একটি বিজ্ঞাপনের শুটিংয়ে গিয়েই। তবে সেবার নাকি আলাপ তেমন জমেনি। প্রেম ঘটেছে অনন্ত আম্বানি ও রাধিকা মার্চেন্টের বিয়েতেই। গত বুধবার মাঝরাতেই বার্থ ডে গার্ল অনন্যার হাসিমুখের ছবি নিজের ইনস্টাগ্রাম স্টোরিতে শেয়ার করেন ওয়ালকার। তাতে লেখেন, 'শুভ জন্মদিন সুন্দরী। তুমি খুব খুব স্পেশাল। আই লাভ ইউ অ্যানি।' নিজের এই বার্তার সঙ্গে একটি ভালোবাসার ইমোজিও দিয়েছেন তিনি।

# আবার অধিনায়কত্বে ফিরছেন কোহলি?




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আবার অধিনায়কত্বে ফিরছেন কোহলি। সেটা অবশ্য জাতীয় দলে নয়, আইপিএলে। ২০২১ সালের আইপিএলের পর তিনি রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর অধিনায়কত্ব ছাড়েন। এরপর কোহলি দলের সঙ্গে থাকলেও অধিনায়ক হন ফাফ ডু প্লেসি। ২০২২ থেকে ২০২৪ পর্যন্ত বেঙ্গালুরুকে নেতৃত্ব দিয়েছেন ফাফ ডু প্লেসি। যদিও তাতে খুব একটা বেশি পার্থক্য তৈরি হয়নি। চ্যাম্পিয়ন হতে পারেনি আরসিবি।

২০০৮ সাল থেকে বিরাট কোহলি বেঙ্গালুরুতে রয়েছেন। একাধিক অধিনায়কের অধীনে খেলেছেন তিনি। নিজেও অধিনায়কত্ব করেছেন। কিন্তু কোনও অধিনায়কই আরসিবিকে ট্রফি জেতাতে পারেননি। এবার ফের বিরাট কোহলি ২০২৫ সাল থেকে দলের দায়িত্ব নিতে পারেন।

ভারতীয় সংবাদমাধ্যম টাইমস অব ইন্ডিয়ার খবর, সামনের আসরে নেতৃত্ব গ্রহণ নিয়ে বেঙ্গালুরুর সঙ্গে আলোচনা হয়েছে কোহলির। দক্ষিণ আফ্রিকার সাবেক অধিনায়ক ফাফ ডু প্লেসির বয়স ৪০ পেরিয়ে যাওয়ায় মাঠে নতুন নেতা দরকার বলে মনে করছে ফ্র্যাঞ্চাইজিটি। এ ক্ষেত্রে কোহলিই তাদের কাছে সেরা সমাধান।

# প্রথম গোলরক্ষক হিসেবে টানা দুবার ইয়াশিন ট্রফি এমিলিয়ানোর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ক্লাব পর্যায়ে অ্যাস্টন ভিলা ও আন্তর্জাতিক পর্যায়ে আর্জেন্টিনার হয়ে দারুণ একটি মৌসুম কাটানোর স্বীকৃতি পেলেন এমিলিয়ানো মার্তিনেজ। প্রথম গোলরক্ষক হিসেবে টানা দুবার ইয়াশিন ট্রফি জিতে রেকর্ড গড়লেন তিনি। প্যারিসের থিয়েটার দু শাতলেতে জাঁকজমকপূর্ণ আয়োজনে চলছে ৬৮তম ব্যালন ডি'অর অনুষ্ঠান। বাংলাদেশ সময় সোমবার দিবাগত রাতে এমিলিয়ানো জিতেছেন ২০২৪ সালের ইয়াশিন ট্রফি। তার হাতে পুরস্কারটি তুলে দিয়েছেন জাতীয় দলের সতীর্থ ও ইন্টার মিলান স্ট্রাইকার লাউতারো মার্তিনেজ।

এটি বর্ষসেরা গোলরক্ষকের পুরস্কার। ২০১৯ সাল থেকে এই সম্মাননা প্রদান করা হচ্ছে। ৩২ বছর বয়সী এমিলিয়ানোর ঝুলিতে গত বছরও ইয়াশিন ট্রফি গিয়েছিল। এবার সেরা হওয়ার লড়াইয়ে তিনি পেছনে ফেলেছেন আন্দ্রিই লুনিন, উনাই সিমোন ও জিয়ানলুইজি দোন্নারুম্মার মতো তারকাদের।

দারুণ এই সম্মাননা পাওয়ার পর তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় এমিলিয়ানো বলেছেন, 'এটা আমার জন্য বিরাট ব্যাপার (টানা দুবার ইয়াশিন ট্রফি জেতা)। এটা আমার জন্য গর্বের।'

ব্যালন ডি'অর অনুষ্ঠানের সঞ্চালকদের মধ্যে অন্যতম আইভরিকোস্টের কিংবদন্তি দিদিয়ের দ্রগবা সেসময় এমিলিয়ানোর কাছে প্রশ্ন রাখেন, 'আপনি এখন বিশ্বের সেরা গোলরক্ষক, তাই নয় কি?' আর্জেন্টাইন তারকা বিনয়ের সঙ্গে জবাব দেন, 'সত্যি বলতে, আমি সেটা মনে করি না।'

গত মৌসুমের ইংলিশ প্রিমিয়ার লিগে চতুর্থ স্থান অর্জন করে উয়েফা চ্যাম্পিয়ন্স লিগে জায়গা করে নেয় ভিলা। সেখানে অনেক বড় অবদান ছিল এমিলিয়ানোর। এরপর গত জুন-জুলাইয়ে আর্জেন্টিনার কোপা আমেরিকার শিরোপা ধরে রাখার পথেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন তিনি। ছয় ম্যাচের পাঁচটিতেই জাল অক্ষত রেখে জেতেন আসরটির সেরা গোলরক্ষকের পুরস্কার।

প্রথমবার ইয়াশিন ট্রফি জিতেছিলেন ব্রাজিলের আলিসন। পরের বছর করোনাভাইরাস মহামারীর কারণে ব্যালন ডি'অর অনুষ্ঠান বাতিল করা হয়েছিল। ইতালির দোন্নারুমা বর্ষসেরা হয়েছিলেন ২০২১ সালে। বেলজিয়ামের থিবো কোর্তোয়ার হাতে ইয়াশিন ট্রফি উঠেছিল ২০২২ সালে।

## ইংল্যান্ডের দল ঘোষণা, নতুন মুখ বেথেল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রথম শ্রেণির ক্যারিয়ার খুব একটা দীর্ঘ নয় জ্যাকব বেথেলের। খেলেছেন কেবল ২০টি ম্যাচ। তাতেই ইংল্যান্ডের টেস্ট দলে ডাক পেয়ে গেছেন এই ব্যাটিং অলরাউন্ডার। তাকে রেখে নিউজিল্যান্ড সফরের দল ঘোষণা করেছে ইংলিশরা।

তিন টেস্টের সিরিজের জন্য মঙ্গলবার ১৬ জনের দল দিয়েছে ইংল্যান্ড। কিপার-ব্যাটসম্যান জেমি স্মিথের জায়গায় প্রথমবার টেস্ট দলে ডাকা হয়েছে বেথেলকে। নিউ জিল্যান্ড সফরের সময় পিতৃত্বকালীন ছুটিতে থাকবেন স্মিথ। সবশেষ পাকিস্তান সফরে ২-১ ব্যবধানে হেরে যাওয়া দল থেকে এই একটি পরিবর্তনই এনেছে ইংল্যান্ড।

গত সেপ্টেম্বরে অস্ট্রেলিয়ার বিপক্ষে টি-টোয়েন্টি দিয়ে আন্তর্জাতিক ক্রিকেটে পথচলা শুরু করেন ২১ বছর বয়সী বেথেল। কার্ডিফে দ্বিতীয় টি-টোয়েন্টিতে ব্যাট হাতে আলো ছড়ান তিনি। ২৪ বলে ৪৪ রানের ম্যাচ জেতানো বিধ্বংসী ইনিংস খেলেন ওয়ারউইকশায়ারের ক্রিকেটার। অস্ট্রেলিয়ার বিপক্ষে পাঁচটি ওয়ানডেতেই সুযোগ দেওয়া হয় তাকে। কিন্তু তেমন কিছু করতে পারেননি। এবার টেস্ট অভিষেকের অপেক্ষায় আছেন তিনি।

প্রথম শ্রেণির ক্রিকেটে এখনও তেমন অভিজ্ঞ নন বেথেল। ৩০ ইনিংসে ২৫.৪৪ গড়ে রান ৭৩৮, ফিফটি পাঁচটি, সেঞ্চুরি পাননি এখনও। বাঁহাতি স্পিনে কার্যকর ভূমিকা রাখতে পারেন তিনি। ওয়ানডেতে এরই মধ্যে ধরেছেন ৪ শিকার। ২১ লিস্ট 'এ' ম্যাচে তার উইকেট ১৯টি। টি-টোয়েন্টি ও প্রথম শ্রেণিতে ৭টি করে উইকেট নিয়েছেন তিনি।

পাকিস্তান সফরের দলে থাকলেও কোনো ম্যাচ খেলার সুযোগ পাননি জর্ডান কক্স। নিউ জিল্যান্ডে তার টেস্ট অভিষেক হয়ে যাওয়ার রয়েছে প্রবল সম্ভাবনা। স্মিথের অনুপস্থিতিতে গ্লাভস হাতে উইকেটের পেছনে দাঁড়াতে পারেন ২৪ বছর বয়সী এই কিপার-ব্যাটসম্যান। এখন পর্যন্ত ৫৩টি প্রথম শ্রেণির ম্যাচ খেলা কক্স ৩৯.৯২ গড়ে রান করেছেন ৩ হাজার ১৯৪। নামের পাশে ৮ সেঞ্চুরির সঙ্গে আছে ১২টি ফিফটি।

ক্রাইস্টচার্চে আগামী ২৮ নভেম্বর শুরু দুই দলের প্রথম টেস্ট। দ্বিতীয় ম্যাচ হবে ওয়েলিংটন, শুরু ৬ ডিসেম্বর। হ্যামিল্টনে তৃতীয় ও শেষ টেস্টটি শুরু ১৪ ডিসেম্বর।

ইংল্যান্ড টেস্ট দল: বেন স্টোকস (অধিনায়ক), রেহান আহমেদ, গাস অ্যাটকিনসন, শোয়েব বাশির, জ্যাকব বেথেল, হ্যারি ব্রুক, ব্রাইডন কার্স, জর্ডান কক্স, জ্যাক ক্রলি, বেন ডাকেট, জ্যাক লিচ, অলি পোপ, ম্যাথু পটস, ক্রিস ওকস, অলি স্টোন, জো রুট।

# স্টোকসের বাড়িতে ভয়াবহ চুরি




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কিছুদিন আগেই পাকিস্তান সফরে ছিল ইংল্যান্ড দল। সফরে দলের সঙ্গে পাকিস্তানে ছিলেন অধিনায়ক বেন স্টোকস। সেই সুযোগে ইংল্যান্ডে তার বাড়িতে চুরির ঘটনা ঘটিয়েছে দুর্বৃত্তরা। গত ১৭ অক্টোবর কয়েকজন মুখোশধারী চোর ক্যাসেল ইডেন এলাকায় স্টোকসের বাড়ি থেকে গয়না ও মূল্যবান জিনিসপত্র চুরি করে নিয়ে যায়।

জানা গেছে, স্টোকসের বাড়ি থেকে ২০২০ সালে সম্মানসূচক অর্ডার অব দ্য ব্রিটিশ এম্পায়ার (ওবিই) পদক, ইংল্যান্ড ক্রিকেটের আংটি এবং সিংহের মাথার ডিজাইনে বানানো একটি দামি নেকলেস চুরি হয়েছে। এছাড়া, নগদ অর্থও চুরি হয়েছে বলে জানা গেছে।

স্টোকস পাকিস্তানে থাকলেও তখন বাড়িতে ছিলেন তার স্ত্রী ক্ল্যারি, দুই সন্তান লেটন ও লিবি। তাদের কেউই অবশ্য শারীরিকভাবে ক্ষতিগ্রস্ত হননি। যদিও এমন ঘটনায় তাদের ওপর মানসিক প্রভাব পড়েছে বলে জানিয়েছেন স্টোকস।

এক্সে এক পোস্টে স্টোকস লেখেন, 'সবচেয়ে ভয়ংকর বিষয় হচ্ছে, ঘটনাটি ঘটেছে তখন, যখন আমার স্ত্রী ও ছোট দুটি বাচ্চা বাসায় ছিল। আমার পরিবারের কেউ শারীরিকভাবে আঘাত পায়নি, এটাই স্বস্তি। তবে স্বাভাবিকভাবেই এই ঘটনা তাদের অনুভূতি ও মানসিকভাবে আঘাত করেছে। আমরা এখন ভাবছি, পরিস্থিতি কতটা খারাপ হতে পারত।

তিনি লেখেন, চুরি হয়ে যাওয়া জিনিসপত্রের ছবি প্রকাশ করছি। আশা করছি, এগুলো হয়তো সহজে চেনা যাবে। এর মাধ্যমে যারা এই ঘটনায় জড়িত, তাদের আমরা খুঁজে বের করতে পারব। যদিও আমরা অনেক কাছের সম্পত্তি হারিয়েছি, এসব জিনিস উদ্ধারের জন্য এই ছবিগুলো প্রকাশ করা হয়নি। আমার উদ্দেশ্য যিনি এই কাজ করেছেন, তাকে খুঁজে বের করা।

অবশ্য পাকিস্তান সফরও খুব একটা ভালো যায়নি স্টোকসের। কেননা ম্যাচের ফল ইংলিশদের পক্ষে যায়নি। প্রথম টেস্ট জিতলেও পরের দুটি টেস্টে পাকিস্তানের কাছে হেরে সিরিজ হারে তারা।

# ইংল্যান্ড সিরিজ: চমক রেখে উইন্ডিজের দল ঘোষণা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সদ্য সমাপ্ত শ্রীলঙ্কা সফরে ওয়ানডে অভিষেক হলেও ব্যাটিংয়ের সুযোগ পাননি জুয়েল অ্যান্ড্রু। তবে তার প্রতিভায় ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেটের ভরসাটা বোঝা গেল আরও একবার। ১৭ বছর বয়সী উইকেটকিপার-ব্যাটসম্যান জায়গা পেলেন ইংল্যান্ডের বিপক্ষে সিরিজের দলেও।


শ্রীলঙ্কা সফরের দল থেকে ইংলিশদের বিপক্ষে দলে পরিবর্তন আছে কেবল একটি। অনেকবার দলে আসা-যাওয়ার পালায় আরও একবার ফিরেছেন শিমরন হেটমায়ার। ব্যক্তিগত কারণে শ্রীলঙ্কা সফরে ছিলেন না আগ্রাসী এই ব্যাটসম্যান। তাকে জায়গা দিতে বাদ পড়েছেন আলিক আথানেজ।

তবে ক্যারিবিয়ান ক্রিকেটে মূল কৌতূহল এখন অ্যান্ড্রুকে ঘিরেই। বয়সভিত্তিক ক্রিকেট থেকেই নজর কেড়েছেন তিনি। এই বছরের শুরুতে খেলেছেন অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপে। সেই আসরে তার ব্যাটিং গড় ছিল ৬৯, স্ট্রাইক রেট প্রায় ১১০। দক্ষিণ আফ্রিকার বিপক্ষে খেলেছিলেন ৯৬ বলে ১৩০ রানের ইনিংস। লিস্ট 'এ' ক্রিকেটে কেবল তিনটি ম্যাচ খেলেই শ্রীলঙ্কা সফরের দলে জায়গা পেয়েছিলেন তিনি। ওই তিন ম্যাচের মধ্যে একটি ছিল ১২ চার ও ৭ ছক্কায় ১৪৩ রানের ইনিংস। শ্রীলঙ্কায় শেষ ওয়ানডেতে তার অভিষেক হয় ১৭ বছর ৩২৪ দিন বয়সে।

১৮ বছরের কম বয়সে ওয়েস্ট ইন্ডিজের হয়ে ওয়ানডে খেলা প্রথম ক্রিকেটার তিনিই। তার ছেলেবেলার নায়ক শেই হোপের অধিনায়কত্বে অভিষেক হয় তার। হোপের নেতৃত্বেই থাকছেন তিনি ইংল্যান্ডের বিপক্ষে সিরিজের দলে। এবারের ক্যারিবিয়ান প্রিমিয়ার লিগে ছয় ইনিংস খেলে একটি ফিফটি করেছেন অ্যান্ড্রু। তার ব্যাটিং দেখে উজ্জ্বল সম্ভাবনার কথা বলেছেন ভিভ রিচার্ডসের মতো কিংবদন্তি, প্রশংসা করেছেন শিবনারাইন চান্দারপল, ইয়ান বিশপের মতো গ্রেটরা।

ওয়েস্ট ইন্ডিজ ওয়ানডে দল: শেই হোপ (অধিনায়ক), জুয়েল অ্যান্ড্রু, কেসি কার্টি, রোস্টন চেইস, ম্যাথু ফোর্ড, শিমরন হেটমায়ার, আলজারি জোসেফ, শামার জোসেফ, ব্রান্ডন কিং, এভিন লুইস, গুডাকেশ মোটি, শেরফেইন রাদারফোর্ড, জেডেন সিলস, রোমারিও শেফার্ড, হেইডেন ওয়ালশ জুনিয়র।

## কিংস কাপ: রোনালদোর পেনাল্টি মিস, ছিটকে গেল আল নাসের




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** খেলায় তখন শেষ বাঁশি বাজার অপেক্ষা। এই সময়েই সমতায় ফেরার বড় সুযোগ পেল আল নাসের। যথারীতি এগিয়ে গেলেন ক্রিস্টিয়ানো রোনালদো, এই ক্লাবের হয়ে আগে কখনও পেনাল্টিতে ব্যর্থ হননি যিনি। আত্মবিশ্বাসী ভঙ্গিতেই দৌড়ে গিয়ে শট নিলেন তিনি। কিন্তু বল উড়ে গেল ক্রসবারের ওপর দিয়ে!

হাত দিয়ে মুখ ঢাকলেন রোনালদো। হতাশাটা আসলে একটু বেশিই। মাত্র একটি ম্যাচ হারই যে নয়, টুর্নামেন্টে পথচলারও সমাপ্তি। আল তাউনের কাছে ১-০ গোলে হেরে সৌদি কিংস কাপের শেষ ষোলো থেকে বিদায় নিল আল নাসের।

আল নাসেরের মাঠে ২৯ অক্টোবর ৭১তম মিনিটে গোল করে আল তাউনকে এগিয়ে নেন ওয়ালিদ আল-আহমেদ। সেই গোলই শেষ পর্যন্ত গড়ে দেয় ব্যবধান। ৯০ মিনিট শেষে যোগ করা সময়ের ষষ্ঠ মিনিটে পেনাল্টি কাজে লাগাতে ব্যর্থ হন রোনালদো। তাকে তখন সান্ত্বনা দেওয়ার চেষ্টা করেন সতীর্থরা। আল তাউনের গোলকিপার ও তার সতীর্থরা মেতে ওঠেন উল্লাসে।

আল নাসেরে যোগ দেওয়ার পর আগের ১৮ পেনাল্টির সবকটিতেই গোল করেছিলেন রোনালদো। প্রথম ব্যর্থতায় দল টুর্নামেন্ট থেকে ছিটকে পড়ায় ট্রফির আরেকটি আশাও শেষ হলো তার। পাঁচবার ব্যালন ডি'র জয় করা তারকা সৌদি আরবে আসার পর কোনো ট্রফির স্বাদ পাননি এখনও।

সৌদি প্রো লিগে আট ম্যাচে ১৮ পয়েন্ট নিয়ে তিনে আছে আল নাসের। শীর্ষে থাকা আল হিলালের সঙ্গে ব্যবধান এখনই হয়ে গেছে ছয় পয়েন্টের। এশিয়ান চ্যাম্পিয়ন্স লিগে গ্রুপ পর্বে তিন ম্যাচে তাদের পয়েন্ট সাত।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR